মুজিব বর্ষের আহবান''
দক্ষ হয়ে বিদেশ যান''

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড
প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড
ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০
www.wewb.gov.bd

নং-৪৯.০৪.০০০০.০০৪.১৮.১১৬.২০- ১৬৫ তারিখ: ২৫ আগস্ট ২০২০ খ্রিঃ

বিষয় : ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের "জুলাই ২০২০" মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ হামিদুর রহমান
মহাপরিচালক (অতিরিক্ত সচিব), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড।

স্থান : প্রবাসী কল্যাণ ভবন, ব্রিফিং সেন্টার (২য় তলা), সম্মেলন কক্ষ।

তারিখ ও সময় : ১৭ আগস্ট ২০২০, সকাল- ১১.০০ টা।

উপস্থিতি : পরিশিষ্ট ''ক''।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর, সভাপতির অনুমতিক্রমে পরিচালক (অর্থ ও কল্যাণ) জনাব শোয়াইব আহমাদ খান বিগত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন এবং কার্যবিবরণী সঠিকভাবে লিপিবদ্ধ হওয়ায় তা দৃঢ়ীকরণ করা হয়। বিগত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি নিয়ে আলোচনা হয় এবং বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয় :

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১.০ | আর্থিক অনুদান ও ক্ষতিপূরণ সংক্রান্ত নির্ধারিত "ছক" এর উপর আলোচনা। | প্রবাসী কর্মীর পরিবারকে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে আর্থিক অনুদান ও বিদেশস্থ নিয়োগকর্তার নিকট হতে প্রদত্ত মৃত্যুজনিত ক্ষতিপূরণ, বকেয়া বেতন ও অন্যান্য পাওনাদি বিতরণ সংক্রান্ত নির্ধারিত "ছক" এ উল্লিখিত তথ্যের উপর বিস্তারিত আলোচনা হয়। প্রাপ্ত কেইসের চেয়ে নিষ্পত্তির পরিমাণ কম হওয়ার বিষয়টি জানতে চাইলে উপ-পরিচালক(কল্যাণ) জনাব শরিফুল ইসলাম বলেন, করোনার বৈশ্বিক মহামারি কারণে ২ (দুই) মাসেরও অধিক সময় অফিস বন্ধ থাকায় এবং কিছু দিন স্বল্প পরিসরে অফিস পরিচালিত হওয়ায় বিমান বন্দর ও ডিইএমও হতে প্রাপ্ত আবেদনের পরিমাণ কম ছিল। ফলে জুলাই মাসে ঐ সকল আবেদন একসঙ্গে দাখিল করায় কাজের পরিধি বৃদ্ধি পেয়েছে। আগামী মাসে কাজের নিষ্পত্তি পরিমাণ বৃদ্ধি পাবে বলে মহাপরিচালককে অবহিত করেন। মহাপরিচালক দ্রুততার সাথে অনিষ্পন্ন নথিসমূহ নিষ্পত্তি করে স্বাভাবিক কাজের ধারাবাহিকতায় আনয়নের সংশ্লিষ্ট সকলকে আহবান করেন। | দ্রুততার সাথে অনিষ্পন্ন নথিসমূহ নিষ্পত্তি করে স্বাভাবিক কাজের ধারাবাহিকতায় আনতে হবে। | পরিচালক (অর্থ ও কল্যাণ) ও পরিচালক (আইআরপি) |
| ২.০ | প্রস্তাবিত মোবাইল অ্যাপস তৈরীকরণ। | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে প্রদত্ত সেবাসমূহ যাতে সেবাগ্রহীতাগণ সহজেই মোবাইল অ্যাপস এর মাধ্যমে পেতে পারেন সে লক্ষ্যে প্রস্তাবিত মোবাইল অ্যাপসটি মহাপরিচালক ও পরিচালকগণের নিকট প্রজেক্টরের মাধ্যমে প্রেজেনটেশন করতে হবে এবং প্রস্তাবিত অ্যাপসটি প্রর্দশণের পর মহাপরিচালক এর নির্দেশনা অনুযায়ী পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হবে মর্মে সভায় আলোচনা হয়। | প্রস্তাবিত মোবাইল অ্যাপসটি উপস্থাপনের পর মহাপরিচালকের নির্দেশনা অনুযায়ী অ্যাপস তৈরীর বিষয়ে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। | পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩.০ | প্রবাসী কর্মীর অটিস্টিক /প্রতিবন্ধী সন্তানদের বিশেষ ভাতা প্রদান। | প্রবাসী কর্মীর অটিস্টিক/প্রতিবন্ধী সন্তানদের বিশেষ ভাতা প্রদানের বিষয়ে প্রস্তুতকৃত নীতিমালা মহাপরিচালক এর নিকট উপস্থাপন করা হয়েছে। মহাপরিচালক প্রবাসী কর্মীর প্রতিবন্ধী সন্তানদের বিশেষ ভাতা সংক্রান্ত নীতিমালা আরো অধিকতর পর্যালোচনা করে পরবর্তী কার্যক্রম গ্রহণের নির্দেশনা প্রদান করবেন মর্মে মতামত পেশ করেন। | মহাপরিচালক প্রবাসী কর্মীর প্রতিবন্ধী সন্তানদের বিশেষ ভাতা সংক্রান্ত নীতিমালা মহাপরিচালক আরো অধিকতর পর্যালোচনা করে পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করবেন। | সংশ্লিষ্ট কমিটি |
| ৪.০ | কনফারেন্স রুম সম্প্রসারণ। | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের বিদ্যমান কনফারেন্স রুমের প্রস্তুতকৃত প্রাক্কলন অনুযায়ী দ্রুত বাস্তবায়নের বিষয়টি সভায় আলোচনা হয়। মহাপরিচালক বলেন, প্রবাসী কল্যাণ মন্ত্রণালয় অফিস এ ভবনের ১৮, ১৯ ও ২০ তলায় স্থানান্তরিত হওয়ার কার্যক্রম চলছে। যদি মন্ত্রণালয়ের অফিস ১৮, ১৯ ও ২০ তলায় স্থানান্তির হয়, তাহলে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের কার্যক্রম তদস্থলে স্থানান্তর করা হবে। ফলে সেখানকার বিদ্যমান বড় পরিসরে কনফারেন্স রুমসহ সকল সুবিধা পাওয়া যাবে। এমতাবস্থায়, প্রস্তাবিত কনফারেন্স রুম তৈরী আপাততঃ স্থগিত রাখার বিষয়ে আলোচনা হয়। | প্রবাসী কল্যাণ মন্ত্রণালয়ের অফিস যদি ১৮, ১৯ ও ২০ তলায় স্থানান্তির হয়, তাহলে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের কার্যক্রম তদস্থলে স্থানান্তর করা হবে। এমতাবস্থায়, প্রস্তাবিত কনফারেন্স রুম তৈরীর বিষয়টি আপাততঃ স্থগিত রাখতে হবে। | পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) |
| ৫.০ | পেন্ডিং কাজের পরিমাণ সরেজমিনে পরিদশনপূর্বক দ্রুত নিষ্পত্তিকরণ। | করোনার বৈশ্বিক মহামারি কারণে বিভিন্ন শাখায় কাজের পরিধি বৃদ্ধি পাওয়ায় পরিচালকগণ তাদের অধীনস্থ প্রত্যেক কর্মকর্তা/কর্মচারীদের পেন্ডিং কাজের পরিমাণ সরেজমিনে পরির্দশন করবেন এবং দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে বিদ্যমান জনবল পূর্ণবন্টন অথবা প্রয়োজন অনুযায়ী ব্যবস্থা গ্রহণপূর্বক নথি নিষ্পত্তি পরিমাণ বাড়াতে হবে মর্মে সভায় আলোচনা হয়। | সংশ্লিষ্ট পরিচালকগণ তাদের অধীনস্থ প্রত্যেক কর্মকর্তা/কর্মচারীদের পেন্ডিং কাজের পরিমাণ সরেজমিনে পরির্দশন করবেন এবং দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে বিদ্যমান জনবল পূর্ণবন্টন অথবা প্রয়োজন অনুযায়ী ব্যবস্থা গ্রহণপূর্বক নথি নিষ্পত্তি পরিমাণ বাড়াতে হবে। | পরিচালক (সকল) |
| ৬.০ | কর্মকর্তা/কর্মচারীর ছুটি গ্রহণ। | কোনো কর্মকর্তা/কর্মচারীর ছুটি প্রয়োজন হলে ইআরপিতে নির্ধারিত আবেদন ফরমে সংশ্লিষ্ট পরিচালকের সুপারিশসহ পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) এর নিকট অনুমোদনের জন্য জমা দেয়ার বিষয়ে সভায় আলোচনা হয়। | কর্মকর্তা/কর্মচারীদের ছুটি প্রয়োজন হলে ইআরপিতে নির্ধারিত আবেদন ফরমে সংশ্লিষ্ট পরিচালকের সুপারিশসহ পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) এর নিকট অনুমোদনের জন্য জমা দিবেন। | পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) |
| ৭.০ | চাহিদাপত্র জারীর ১৫ কার্যদিবসের মধ্যে দ্রুততম সময়ে জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস (ডিইএমও) কর্তৃক প্রতিবেদন দাখিল। | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের মাঠপর্যায়ে অফিস না থাকায় বোর্ড কর্তৃক প্রদত্ত সেবাসমূহ প্রদানের ক্ষেত্রে প্রবাসী কর্মীর পরিবারের দাখিলকৃত কাগজপত্রাদির সঠিকতা যাচাই করার জন্য বিএমইটি'র জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস (ডিইএমও) এর মাধ্যমে সরেজমিনে তদন্ত করা হয়। সম্প্রতি দেখা যাচ্ছে যে, মৃতের পরিবারের অনুকূলে চাহিদাপত্র জারীর পর ডিইএমও কর্তৃক তদন্ত প্রতিবেদন কল্যাণ বোর্ডে দাখিল করতে বিলম্বিত হচ্ছে। এমতাবস্থায়, চাহিদাপত্র অনুযায়ী ১৫ দিনের মধ্যে তদন্ত প্রতিবেদন দাখিল করার জন্য সকল ডিইএমও বরাবর পত্র দিতে হবে এবং এর অনুলিপি বিএমইটি ও মন্ত্রণালয়কে অবহিত করার বিষয়ে সভায় আলোচনা হয়। | প্রবাসী কর্মীর পরিবারকে আর্থিক অনুদান, বকেয়া বেতন ও মৃত্যুজনিত ক্ষতিপূরণ সংক্রান্ত চাহিদাপত্র জারীর ১৫ কার্যদিবসের মধ্যে দ্রুততম সময়ে সরেজমিনে তদন্তপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য সকল জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস (ডিইএমও) বরাবর পত্র দিতে হবে এবং এর অনুলিপি বিএমইটি ও মন্ত্রণালয়কে অবহিত করতে হবে। | পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) |
| ৮.০ | ডিইএমও'র এর সাথে কল্যাণ বোর্ডের একটি মতবিনিময় সভা আয়োজন। | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের প্রদত্ত সেবাসমূহ প্রদানের লক্ষ্যে প্রবাসী কর্মীর পরিবারের দাখিলকৃত কাগজপত্রাদি যাচাইপূর্বক মাঠপয়ায়ে তদন্ত করার জন্য বিএমইটি'র জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস (ডিইএমও) এর মাধ্যমে কার্য-সম্পাদন করা হয়ে থাকে। উক্ত কার্যক্রম আরও অধিকতর স্বচ্ছতা ও গতিশীলতা আনয়নপূর্বক দ্রুততম সময়ে নথি | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের কার্যক্রম আরও অধিকতর স্বচ্ছতা ও গতিশীলতা আনয়নপূর্বক দ্রুততম সময়ে নথি নিষ্পত্তির জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের লক্ষ্যে সকল ডিইএমও এর সহকারী পরিচালক / ভারপ্রাপ্ত কর্মকর্তা এর সাথে কল্যাণ বোর্ডের একটি | পরিচালক (অর্থ ও কল্যাণ) ও পরিচালক (প্রশাসন) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | নিষ্পত্তির জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের লক্ষ্যে কল্যাণ বোর্ডের সাথে ডিইএমও'র যোগাযোগ বৃদ্ধি ও মতবিনিময় করা প্রয়োজন । এমতাবস্থায়, সকল ডিইএমও এর সহকারী পরিচালক / ভারপ্রাপ্ত কর্মকর্তা এর সাথে কল্যাণ বোর্ডের একটি মতবিনিময় সভা অনুষ্ঠানের আয়োজন করা প্রয়োজন মর্মে সভায় আলোচনা হয়। | মতবিনিময় সভা অনুষ্ঠানের আয়োজন করতে হবে। | |
| ৯.০ | প্রবাসী কর্মী সন্তানদের শিক্ষা বৃত্তির অর্থ নির্দিষ্ট সময়ের মধ্যে চেক স্বাক্ষরপূর্বক সংশ্লিষ্ট শিক্ষার্থীদের নিকট প্রেরণ। | প্রবাসী কর্মী সন্তানদের শিক্ষা বৃত্তির অর্থ প্রদানের লক্ষ্যে নথি অনুমোদিত হওয়ার পর নির্দিষ্ট সময়ের মধ্যে চেক স্বাক্ষরপূর্বক সংশ্লিষ্ট শিক্ষার্থীদের নিকট দ্রুত পৌছে দেয়ার বিষয়ে সভায় আলোচনা হয়। | প্রবাসী কর্মী সন্তানদের শিক্ষা বৃত্তির অর্থ প্রদানের লক্ষ্যে নথি অনুমোদিত হওয়ার পর নির্দিষ্ট সময়ের মধ্যে চেক স্বাক্ষরপূর্বক সংশ্লিষ্ট শিক্ষার্থীদের নিকট দ্রুত পৌছাতে হবে। | পরিচালক (আইআরপি) |
| ১০.০ | সমিতির পক্ষ থেকে কর্মকর্তা/কর্মচারীদের আবাসনসহ বিভিন্ন দাবী। | মহাপরিচালক এর অনুমতিক্রমে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের কর্মকতা/কর্মচারী সমিতির পক্ষে সাধারণ সম্পাদক জনাব মোঃ নাজমুল হক প্রথমে কল্যাণ বোর্ডের কয়েকজন কর্মকর্তা/কর্মচারীর পিতা-মাতা ও স্বজন করোনা বৈশ্বিক মহামারির কারণে মৃত্যুবরণ করায় তাদের রুহের মাগফেরাত কামনা করেন। তিনি সদ্য যোগদানকৃত সরকারের উপসচিব, জনাব মুশাররাত জেবীন, পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) পদে যোগদান করায় তাকে শুভেচ্ছা ও অভিন্দন জানান। প্রবাসী কর্মীদের কল্যাণে গুলশান ভাটারায় ক্রয়কৃত জমিতে গৃহীত প্রকল্প দ্রুত বাস্তবায়ন, মজিববর্ষ উপলক্ষ্যে বিমানবন্দরের নিকটস্থ প্রবাসী কর্মীদের প্রস্তাবিত ডরমেটরি, সেল্টার হাউজ নির্মাণ এবং কর্মচারীদের দীর্ঘ দিনের দাবী আবাসন নির্মাণ ও নিয়মিত বেতন বোনাস প্রদানের জন্য ১০০ কোটি টাকার একটি পৃথক হিসাবসহ বেশ কিছু যৌক্তিক দাবী উপস্থাপন করেন। সভায় উত্থাপিত যৌক্তিক দাবীসমূহের পক্ষে মহাপরিচালক সহমত প্রকাশ করেন এবং যা সমিতির পক্ষ থেকে লিখিত আকারে প্রস্তাব দাখিল করার জন্য অনুরোধ করেন। | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের কর্মকর্তা/কর্মচারীদের পক্ষে উত্থাপিত যৌক্তিক দাবীসমূহ সমিতির পক্ষ থেকে প্রতিবেদন আকারে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড কর্মকর্তা/কর্মচারী সমিতি একটি প্রস্তাব মহাপরিচালক এর বরাবরে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (প্রশাসন) |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮/৮/২০২০

(মোঃ হামিদুর রহমান)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

অনুলিপি :

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
২। পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
৩। সচিবের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
৪। উপ-পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
৫। ডাটাবেইজ এ্যাডমিনিঃ/সিস্টেম এনালিস্ট, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬। সহকারী পরিচালক, জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস (ডিইএমও), -----------------
৭। সহকারী পরিচালক, প্রবাসী কল্যাণ ডেস্ক, হশাআবি, ঢাকা।
৮। সহকারী পরিচালক (সকল) ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
৯। উপ-সহকারী পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
১০। সংশ্লিষ্ট সকল নথি উপস্থাপনকারী, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
১১। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
১২। পরিচালক (অর্থ ও কল্যাণ/ (প্রশাসন ও উন্নয়ন) /(আইআরপি) এর ব্যক্তিগত সহকারী, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
১৩। মাষ্টার নথি/২০২০।